

ফতওয়া নং ৩৮০

প্রশ্ন:

হুজুর আমার উপর কুরবানি ওয়াজিব নয় যদি আমি কুরবানি করতে চাই তাহলে কি আমাকে একটি জানোয়ার দিতে হবে না কি ভাগে দিতে পারবো

উত্তর:

কুরবানী ওয়াজিব হোক বা, না হোক, কুরবানীর নিয়ম হল, ছাগল, ভেড়া কিংবা দুগ্ধ দ্বারা কুরবানী করলে একটি জানোয়ার এক জনের পক্ষ থেকে দিতে হবে। আর গরু, মহিষ কিংবা উট দ্বারা কুরবানী করলে একটি পশুতে সর্বোচ্চ সাতজন শরীক হয়ে কুরবানী করা যাবে। কারোর অংশ সপ্তাংশের কম না হওয়া আবশ্যিক। (আলমগীরী ৫/৩০৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৪ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (01/06/2024)